হুয়াওয়ের উপর নতুন আঘাত ট্রাম্প প্রশাসনের

চাইনিজ টেলিকম প্রতিষ্ঠান হুয়াওয়ের উপর এক নতুন আঘাত আনলো মার্কিন যুক্তরাষ্ট্র। এক বছর আগে প্রতিষ্ঠানটিকে কালো তালিকাভুক্ত করেছিল যুক্তরাষ্ট্র। এরপর যখন নিজেদের গোছানোর কাজটা করছিল প্রতিষ্ঠানটি, ঠিক তখনই তাদের উপর আরেকটি আঘাত হানল ট্রাম্প প্রশাসন।

গত সোমবার (১৭ আগস্ট) ট্রাম্প প্রশাসন জানায়, বিশেষ নিবন্ধন ছাড়া মার্কিন সফটওয়্যার বা প্রযুক্তি ব্যবহার করে তৈরি কম্পিউটার চিপ বিক্রি করা যাবে না। এই নিষেধাজ্ঞা জারি করায় বিরাট হুমকির মুখ পড়ে গেল হুয়াওয়ে। কারণ নিজেদের ফাইভজি টেলিযোগাযোগের জন্য বিদেশি সেমিকন্ডাক্টরের ওপর বহুলাংশে নির্ভরশীল এই প্রতিষ্ঠান।

এ বিষয়ে নিজেদের কোনো বক্তব্য না জানালেও চলতি মাসের প্রথম দিকে হুয়াওয়ে জানিয়েছে, আগামী মাস থেকে ফ্ল্যাগশিপ কিরিন চিপসেট তৈরি বন্ধ করে দিচ্ছে তারা। যুক্তরাষ্ট্র ক্রমাগত সরবরাহকারীদের চাপের মুখে রাখায় এই সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছে হুয়াওয়ে।

এর আগে গত মে মাসে যুক্তরাষ্ট্র ঘোষণা করে, তাইওয়ান সেমিকন্ডাক্টর উৎপাদন সংস্থার মতো নির্দিষ্ট কিছু প্রতিষ্ঠান হুয়াওয়ের কাছে চিপ সরবরাহ করতে পারবে না।

সূত্র- বিডি-প্রতিদিন